



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
পিরোজপুর।



ee\_pir@eedmoe.gov.bd

স্মারক নং নিঃপ্রঃ/ইইডি/পিরোজ/৪৫৮

তারিখঃ-২১/৬/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ পিরোজপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রতিবেদনের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৩.২১.১০৬.১৮.১৭, তারিখ-০৬/০৪/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়কে জানান যাইতেছে যে, পিরোজপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রতিবেদনের নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হইয়াছে। বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য অবহিত করা হইল।

ক. পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার নয়াখালী মাটিভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়।  
সংশ্লিষ্ট প্রকৌশলীদের তত্ত্বাবধানে গুণগতমান বজায় রেখে ঠিকাদার পাইল ড্রাইভের কাজ সমাপ্ত করিয়াছেন।

খ. পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার ভান্ডারিয়া বিহারী পাইলট মাধ্যমিক বিদ্যালয়।  
যে সকল দরজা সংযোগস্থল ফাকা দেখা যায়, উক্ত দরজা সংশ্লিষ্ট প্রকৌশলীদের তত্ত্বাবধানে পরিবর্তনকরতঃ গুণগতমান বজায় রেখে পুনরায় স্থাপন করা হইয়াছে। তাছাড়া উর্ধ্বতন সম্প্রসারণ কাজটি Structural শেষ হয়েছে। ফিনিশিং কাজগুলো যাতে সঠিকভাবে হয় সেজন্য সংশ্লিষ্ট প্রকৌশলীগন এবং LSC তৎপর আছেন।

গ. পিরোজপুর জেলার ইন্দুরকানী উপজেলার পাড়েরহাট সম্মিলিত বালিকা মাধ্যমিক বিদ্যালয়।  
মোজাইকের পুরাত্ত্ব ১২ মিঃমিঃ এর পরিবর্তে ১০ মিঃমিঃ করে কাচ বসানো হইয়াছে। সংশ্লিষ্ট প্রকৌশলীদের তত্ত্বাবধানে গুণগতমান বজায় রেখে সিডিউল অনুযায়ী ১২ মিঃমিঃ করে কাচ বসানো হইয়াছে।

ঘ. নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ইইডি, পিরোজপুর।  
অত্র কার্যালয়ের শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রধান প্রকৌশলী মহোদয়কে অনুরোধ করা হইয়াছে।

ঙ. পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর।  
আলোচ্য ছাত্রী নিবাসের ১টি ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হইয়াছে। ঠিকাদার Work plan সহ সময় বর্ধনের আবেদন করিয়াছেন। আবেদন অনুযায়ী যাহাতে কাজটি শেষ করা যায় তাহার জন্য ঠিকাদারকে তাগিদ দেওয়া হইয়াছে।

প্রাপক

জনাবা সৈয়দা নওয়ারা জাহান  
যুগ্মসচিব(উন্নয়ন-২)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(প্রতিভা সরকার)  
নির্বাহী প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
পিরোজপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

- ১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৩। সংরক্ষণ নথি।